

# COVID19- ভ্যাকসিনগুলি

প্রজননের ক্ষেত্রে উর্বরতা সম্পর্কিত প্রশ্ন - কল্পকাহিনী থেকে সত্যকে আলাদা করা


## COVID19- ভ্যাকসিনগুলি কীভাবে কাজ করে?

- COVID19- ভ্যাকসিনগুলি আমাদের শরীরকে COVID19- রোগ থেকে রক্ষা করতে সাহায্য করে।
- COVID19- ভ্যাকসিনগুলি আপনার শরীরকে সেই ভাইরাসটিকে চিনতে শেখায় যেটির কারণে COVID19- রোগ হয়।
- ভ্যাকসিন নেওয়ার পরে, আপনার শরীর অ্যান্টিবডি (“ফাইটার সেল”) তৈরি করে যা ভবিষ্যতে আপনি ভাইরাসের সংস্পর্শে এলে আপনার শরীরকে রক্ষা করতে আপনার রক্তের মধ্যে বজায় থাকে।



## COVID19- ভ্যাকসিনগুলি কি আমার DNA বদল করে দেবে?

না। COVID19- ভ্যাকসিনগুলির কোনোটিই আমাদের DNA (জেনেটিক উপাদান) -এর সাথে মিথস্ক্রিয়া বা একে পরিবর্তন করে না।



## যেসব মহিলারা গর্ভবতী নয় তাদের তুলনায় গর্ভবতী মহিলাদের COVID19- দ্বারা আক্রান্ত হওয়া কি বেশি বিপজ্জনক?

হ্যাঁ, গর্ভবতী মহিলাদের গুরুতর রোগ, প্রিটার্ম ডেলিভারী (37 সপ্তাহের আগে শিশুর জন্ম দেওয়া) এবং সম্ভবত গর্ভাবস্থার ক্ষতি (গর্ভপাত) হওয়ার ঝুঁকি বেশি থাকে। COVID-19-এর ভ্যাকসিন না নেওয়া গর্ভবতী মহিলাদের গুরুতর রোগ (যেমন, নিউমোনিয়া) হওয়া, হাসপাতালে ভর্তি হওয়া, এবং নবজাতকের নিবিড় পরিচর্যায় ভর্তি হওয়ার ঝুঁকি বেশি থাকে। আপডেট করা 2024-2023 COVID19- ভ্যাকসিনগুলি নিলে, সেগুলি আপনাকে এবং আপনার শিশুকে রক্ষা করতে পারে।


## COVID19- ভ্যাকসিন কি প্রজননের ক্ষেত্রে উর্বরতাকে প্রভাবিত করবে?

কোভিড19- ভ্যাকসিনগুলি নারী বা পুরুষদের প্রজননের ক্ষেত্রে উর্বরতার সমস্যা সৃষ্টি করে না। আপনি যদি এখন গর্ভবতী হওয়ার চেষ্টা করছেন বা ভবিষ্যতে গর্ভবতী হতে চান, তাহলে আপনাকে COVID19- ভ্যাকসিন নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) COVID19- ভ্যাকসিন দেওয়ার আগে নিয়মিতরূপে আপনি গর্ভবতী কিনা তা পরীক্ষা করার সুপারিশ করে না এবং আপনাকে COVID19- ভ্যাকসিন নেওয়ার পরে গর্ভবতী হওয়ার ক্ষেত্রে কোনও বাধানিষেধ পালন করতে হবে না।

## আমি গর্ভবতী হলে বা বুকের দুধ খাওয়ালে কি COVID19- ভ্যাকসিন নিতে পারি?

হ্যাঁ! যেসব মহিলারা গর্ভবতী, বুকের দুধ খাওয়াচ্ছেন, বর্তমানে গর্ভবতী হওয়ার চেষ্টা করছেন বা ভবিষ্যতে গর্ভবতী হতে পারেন তাদের COVID19- ভ্যাকসিন নেওয়ার সুপারিশ করা হয়।



আরও তথ্যের জন্য যান:

[covid19.nj.gov/vaccines](https://covid19.nj.gov/vaccines)  
[cdc.gov/covid19](https://cdc.gov/covid19)

**NJHealth**  
New Jersey Department of Health

সংশোধিত এপ্রিল 2024